# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 14-01-2025** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতী মৃত্যুর ঘটনার তদন্তভার আজ CID হাতে নিয়েছে।

স্নাতকোত্তর স্তরের কোনো পড়ুয়া অস্ত্রপচার এবং অ্যানাস্থেসিয়া সংক্রান্ত কোনো কাজ নিজেরা করতে পারবেননা বলে আজ হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে।

বিজেপি, প্রসূতী মৃত্যু এবং স্যালাইন দুর্নীতিতে কেন্দ্রের হস্তক্ষেপ দাবি করেছে।

২) মালদার কালিয়াচকে আজ দুষ্কৃতী হামলায় এক তৃণমূল কংগ্রেস কর্মী প্রাণ হারিয়েছেন।

৩) দক্ষিণ কলকাতার বাঘাযতীনে একটি বহুতল আবাসন আজ হেলে পড়লে, ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে।

৪) নতুন দিল্লীতে আজ জাতীয় হলুদ পর্যদের সূচনা হয়েছে। প্রধানমন্ত্রী এই উদ্যোগের প্রশংসা করেছেন।

৫) মকর সংক্রান্তিতে গঙ্গাসাগরে এই মুহূর্তে পুণ্যার্থীদের উপচে পড়া ভিড়। বিকেল তিনটে পর্যন্ত মেলায় ৮৫ লক্ষ ভক্তের সমাগম ঘটেছে।

--------------------------------------------------------------------------------------------------------

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতী মৃত্যুর ঘটনার তদন্তভার আজ CID হাতে নিয়েছে। ডিএসপি পদমর্যাদার এক আধিকারিকের নেতৃত্বে দুই সদস্যের প্রতিনিধি দল, ঐ হাসাপাতলে গিয়ে কলেজের অধ্যক্ষ মৌসুমী নন্দী ও সুপার জয়ন্ত রাউতের সঙ্গে কথা বলে। মেডিকেল সুপার ও উপাধ্যক্ষ – এমএসভিপি-র ঘরে দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত চলে রুদ্ধদ্বার বৈঠক। একইসঙ্গে আজ দুই পিজিটি, চার জন নার্স, একজন আরএমও এবং স্ত্রীরোগ বিভাগের দুই প্রধানকেও জিজ্ঞাসাবাদ করেছেন আধিকারিকরা। তিনদিনের মধ্যে তাদের প্রাথমিক রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। পরে এমএসভিপি ডক্টর রাউত জানান, তদন্তের স্বার্থে যাদের প্রয়োজন তাদেরকেই জেরা করা হচ্ছে।

এদিকে, মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে স্যালাইন কাণ্ডে সংক্রমণের শিকার তিন প্রসূতির অবস্থা সঙ্কটজনক। কলকাতার SSKM হাসপাতালে তাঁরা চিকিৎসাধীন। জানা গেছে, সংক্রমণের কারণে তাদের শরীরে রক্ত জমাট বাঁধছেনা। কমেছে প্লেটলেটের সংখ্যা। ঠিক মত কাজ করছে না ফুসফুস ও কিডনী। ১৩ সদস্যের মেডিকেল বোর্ড এদের চিকিৎসার দায়িত্বে রয়েছেন। মৃতা প্রসূতীর সন্তানের শারীরিক অবস্থা স্থিতিশীল হলেও পঞ্চম প্রসূতী রেখা সাউ মেদিনীপুর মেডিকেল কলেজ হাসাপাতলে চিকিৎসাধীন। তাঁর সন্তানের অবস্থাও গুরুতর। শিশুটি NICU-তে ভর্তি আছে।

অন্যদিকে, আজ হাসপাতালের তরফে নোটিশ দিয়ে জানানো হয়েছে, স্নাতকোত্তর স্তরের কোনো পড়ুয়া অস্ত্রপচার এবং অ্যানাস্থেসিয়া সংক্রান্ত কোনো কাজ নিজেরা করতে পারবেননা। ফ্যাকাল্টি, বেড ইনচার্জ, এমডি এবং এমএস ডিগ্রিধারী সিনিয়ার রেসিডেন্ট

ডাক্তাররাই সার্জারি সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া সম্পাদন করবেন। যদি কোনো পিজিটি বা জুনিয়ার ডাক্তার এইসব কাজ করেন, তা শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য করা হবে। এই ঘটনায় কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও সতর্ক করে দেওয়া হয়েছে।

-----------------

বিজেপি, প্রসূতী মৃত্যু এবং স্যালাইন দুর্নীতিতে কেন্দ্রের হস্তক্ষেপ দাবি করেছে। রাজ্যের বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো এব্যাপারে আজ কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার হস্তক্ষেপের আবেদন জানান।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই ঘটনায় রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী ও স্বাস্থ্য সচিবের বিরুদ্ধে পদক্ষেপের দাবি জানিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তর আজ তিনি বলেন, এই ঘটনা ক্ষমার অযোগ্য অপরাধ। স্বাস্থ্যমন্ত্রী ও স্বাস্থ্য সচিবের বিরুদ্ধে হত্যার মামলা দায়ের হওয়া উচিত বলেও মন্তব্য করেন তিনি।

বাইট শুভেন্দু

-----------------

মালদার কালিয়াচকে আজ দুষ্কৃতী হামলায় এক তৃণমূল কংগ্রেস কর্মী প্রাণ হারিয়েছেন। সকালে নয়া বস্তি এলাকায় রাস্তা উদ্বোধনে যান স্থানীয় তৃণমূল কংগ্রেস অঞ্চল সভাপতি বকুল শেখ সহ অন্যান্যরা। সেই সময় কয়েকজন দুষ্কৃতী তাদের লক্ষ্য করে মারধর শুরু করে। ইট দিয়ে মাথায় আঘাতও করা হয়। এরপর গুলি চালালে ঐ দলে থাকা হাসা শেখ নামে এক কর্মী প্রাণ হারান। বকুল সহ অন্য আর এক দলীয় কর্মী মালদা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। তৃণমূল কংগ্রেসের গোষ্ঠী দ্বন্দ্বের জেরেই এই ঘটনা বলে প্রাথমিক অনুমান।

এদিকে, খুনের ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পদত্যাগ দাবি করেছেন বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ। আজ সাংবাদিকদের তিনি বলেন, রাজ্যে সাধারণ মানুষের সুরক্ষা নেই। অবিলম্বে পুলিশ ও স্বাস্থ্য মন্ত্রী বদল হওয়া প্রয়োজন।

-----------------

বিজেপি নেতা প্রিয়াঙ্গু পান্ডের গাড়ী লক্ষ্য করে গুলি চালানোর ঘটনায়, সোনু ওরফে মহম্মদ আমিনকে NIA বিশেষ আদালত আজ চারদিনের NIA হেফাজত দিয়েছে। গতরাতে, মহম্মদ আমিনকে গ্রেপ্তার করে জাতীয় তদন্তকারী সংস্থা। উত্তর ২৪ পরগনার ভাটপাড়ার এক গোপন ডেরা থেকে তাকে ধরা হয় বলে খবর। উদ্ধার হয় বারোটি তাজা বোমা এবং একটি পিস্তল।

উল্লেখ্য, গত বছর ভাটপাড়ায়, এক বিক্ষোভের মুখে পড়ে প্রিয়াংগু পান্ডে। আটকে দেওয়া হয় তার গাড়ি। এরপরই তার গাড়ী লক্ষ্য করে চালানো হয় গুলি।

-----------------

দক্ষিণ কলকাতার বাঘাযতীনে একটি বহুতল আবাসন আজ হেলে পড়লে, ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। তবে ওই আবাসনে আপাতত কোনো বাসিন্দা না থাকায়, বড়সড় দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়েছে।

জানা গেছে, বিদ্যাসাগর কলোনীর বাড়িটি প্রায় ১০ বছরের পুরোনো। হাইড্রোলিক প্রযুক্তি ব্যবহার করে হেলে পড়া বাড়িকে সোজা করার কাজ চলছিল। তবে, কলকাতা পুরসভার অনুমতি ছাড়াই এই কাজ করা হচ্ছিল বলে অভিযোগ। কিছুদিন আগে বাড়িটি হেলে পড়ছে দেখে প্রমোটার, বাসিন্দাদের অন্যত্র সরিয়ে দেন।

স্থানীয় বিধায়ক তথা মেয়র পারিষদ দেবব্রত মজুমদার, কলকাতা পুলিশের DC-SSD, বিপর্যয় মোকাবিলা বাহিনী ও পুরসভার আবাসন বিভাগের আধিকারিকরা ঘটনাস্থলে যান। দেবব্রত বাবু এই ঘটনার জন্য প্রোমোটারকে সম্পূর্ণরূপে দায়ী করে জানান, তার বিরুদ্ধে মামলা দায়েরের সিদ্ধান্ত নিয়েছে কলকাতা পুরসভা। যদিও নির্মাণকারী প্রোমোটারের এখনও হদিশ মেলেনি।

বাড়িটি সম্পূর্ণভাবে ভেঙে দেওয়া হবে বলেও প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে।

-----------------

দক্ষিণ কলকাতার একটি বেসরকারি স্কুলের কাঁচ ভেঙে তিন পড়ুয়া আহত হওয়ার ঘটনায় রাজ্য শিক্ষা দপ্তর রিপোর্ট তলব করেছে।

স্কুলে সেদিন কি ঘটেছিল এবং ঘটনার পর কি ব্যবস্থা নেওয়া হয়েছিল, জেলা বিদ্যালয় পরিদর্শকের কাছে তা' জানতে চাওয়া হয়। ইতিমধ্যেই জেলা বিদ্যালয় পরিদর্শক রিপোর্ট জমা দিয়েছেন বলে খবর।

-----------------

নতুন দিল্লীতে আজ জাতীয় হলুদ পর্ষদের সূচনা হয়েছে। বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযূশ গোয়েল ভার্চুয়ালি এর উদ্বোধন করে বলেন, হলুদ চাষীদের জীবনযাত্রার মানোন্নয়ন উন্নত মানের বিভিন্ন প্রজাতির হলুদ চাষ এবং রপ্তানি বাড়ানোই এই পর্যদের মূল লক্ষ্য। দেশের ২০ টি রাজ্যে হলুদ চাষ করা হয় এবং বিশ্বের মোট হলুদ চাষের ৭০ শতাংশই ভারতে হয়ে থাকে বলে তিনি জানান। মন্ত্রী বলেন, দেশে উৎপাদিত ৩০টি প্রজাতির হলুদের মধ্যে অধিকাংশেরই জিআই ট্যাগ আছে।

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় হলুদ পর্ষদ প্রতিষ্ঠার প্রশংসা করেছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে প্রধানমন্ত্রী এই পর্ষদ গঠনের বিষয়টিকে বিশেষ করে দেশের কঠোর পরিশ্রমী হলুদ চাষিদের জন্য অত্যন্ত আনন্দের বিষয় বলে অভিহিত করেছেন। তিনি জোর দিয়ে বলেন, এই পর্ষদ উদ্ভাবন, আন্তর্জাতিক প্রচার, হলুদ উৎপাদন এবং তাঁর সঠিক মূল্য নির্ধারণে সহায়ক হবে। এতে সরবরাহ শৃঙ্খলকে আরও জোরদার করে তোলা সম্ভব হবে, ফলে কৃষক ও গ্রাহক উভয়েই উপকৃত হবেন।

------------------

গঙ্গাসাগরে মকর স্নানের পুণ্যযোগের মধ্যেই আজ সাগরে বিকেল তিনটে পর্যন্ত ৮৫ লক্ষ পুণ্যার্থীর সমাগম ঘটেছে। স্নানঘাট জুড়ে এখনও অগণিত পুন্যার্থীর ভিড়। রাজ্যের পাশাপাশি দেশ বিদেশের বহু ভক্ত এখনও স্নান সারছেন। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট গৌতম

এদিকে, মকর সংক্রান্তিতে বীরভূমের অজয় নদের চরে চলছে কেঁদুলি মেলা। মেলা প্রাঙ্গন থেকে আমাদের প্রতিনিধির প্রতিবেদন।

ভয়েসকাস্ট জয়দেব অভিজিত্

------------------

প্রখ্যাত সাহিত্যিক তথা মানবাধিকার আন্দোলনকর্মী মহাশ্বেতা দেবীর আজ ৯৯ তম জন্মবার্ষিকী। ১৯২৬ সালের ১৪ জানুয়ায়ারি তিনি অধুনা বাংলাদেশের ঢাকায় জন্মগ্রহণ করেন। ১০০টিরও বেশি উপন্যাস এবং ২০টিরও বেশি ছোটোগল্প লিখেছেন তিনি। উল্লেখযোগ্য রচনাগুলির রয়েছে মধ্যে হাজার চুরাশির মা, রুদালি, অরণ্যের

অধিকার, প্রেম তারা, আধার মানিক, জীবন মৃত্যু ইত্যাদি। নানা পুরস্কারে ভূষিত হয়েছেন তিনি । এর মধ্যে রয়েছে, জ্ঞানপীঠ পুরস্কার ও র‍্যামন ম্যাগসাইসাই পুরস্কার সহ একাধিক সাহিত্য পুরস্কার এবং পদ্মশ্রী ও পদ্মবিভূষণ। এছাড়াও রাজ্য সরকার সর্বোচ্চ সম্মান বঙ্গবিভূষণে সম্মানিত করেছিল। ২০১৬ সালের ২৮ জুলাই প্রয়াত হন মহাশ্বেতা দেবী।

-----------------

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম – ডানকুনি সেকশনে বালিঘাট ও বালিহল্ট স্টেশনের মাঝে ৯৫ বছরের পুরনো সিসিআর ফিফটিন সেতুর গার্ডার বদলের কাজের জন্য আগামী ২৩ তারিখ রাত ১২-টা থেকে ২৭-শে জানুয়ারী ভোর চারটে পর্যন্ত টানা ১-শো ঘণ্টা ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এর জেরে ওই চারদিন শিয়ালদা ও ডানকুনির মধ্যে ২২ জোড়া লোকাল ও কয়েকটি এক্সপ্রেস ট্রেন বাতিল থাকছে। এর মধ্যে রয়েছে কলকাতা – পাটনা গরীবরথ, কলকাতা  - বালুরঘাট তেভাগা এক্সপ্রেস, শিয়ালদা – আসানসোল ইন্টারসিটি এক্সপ্রেস ইত্যাদি। শিয়ালদার ডি আর এম দীপক নিগম, গতকাল সাংবাদিক বৈঠকে জানান, জম্মুতাই, অনন্যা, আগ্রা ক্যান্টনমেন্ট, পদাতিক, কাঞ্চনজঙ্ঘা সহ একাধিক এক্সপ্রেস ট্রেনের যাত্রাপথ পরিবর্তন করা হয়েছে। বেশকিছু ট্রেন দক্ষিণেশ্বরের পরিবর্তে বেলঘরিয়া স্টেশনে থামবে। ঘুরপথে শিয়ালদা – নৈহাটি রুটে এক্সপ্রেস ট্রেন চলাচলের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় শিয়ালদা মেন ও নর্থ সেকশনে লোকাল ট্রেন ১ থেক দেড় মিনিট দেরিতে চলার সম্ভাবনা।  যে সব দুরপাল্লার ট্রেন বাতিল হচ্ছে, সেইসব ট্রেনের সংরক্ষিত আসনে টিকিটের মূল্য যাত্রীদের ফেরত দেওয়া হবে।

----------------- -----------------